


An Online News Bulletin for Preservation and Promotion of Bengali Language and Culture. An initiative of the Bengal Association, Delhi

DATE OF PUBLISHING
7th SEPTEMBER'2024

# অ্যাসোসিয়েশন সংবাদ-২৭৮

সেপ্টেম্বর ২০২৪

## ASSOCIATION SAMBAD SEPTEMBER 2024

Bengal Association, Banga Sanskriti Bhawan,
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi - 110001 Tel. 23344808
E.mail : bengalassociation1819@gmail.com

www.bengalassociation.com

সেপ্টেম্বর - ২০২৪

# সম্পাদকের কলমে

**"হাজার কাজের ভীড়ে সময় তো হয়নি তোমার**
**শোননি তো কান পেতে অস্ফুট কোন কথা তার....."**


অবাক পৃথিবী, অবাক করলো আমায়। এক মায়াময় জ্যোৎস্নার রাতে, নিয়ন আলো আঁধারে, অসহনীয় অত্যাচারে, অকৃপণ মেয়েটির যাযাবর প্রাণ হঠাৎ নিভে গেলো। স্বাধীনতার পাঁচনে সঠিক পাচন না হয়ে, বাঙালির মনে ও দেহে ভাঙ্গন ধরলেও, আন্তরিক শ্রদ্ধা-প্রণয়-স্নেহে, খাদ মিশে গেলেও, পরাধীনতার শৃঙ্খলে আষ্টেপৃষ্ঠে বাঁধা শরীরে, হিসাবের খাতাকে মুষ্টিবদ্ধ করে সম্মিলিত প্রতিবাদের ঝঙ্কার, ঐক্যের সুরেলা সুর, অবশেষে প্রত্যক্ষ করলাম। দিকে অবাধ্যতার ঢেউ তুলে এতো বিদ্রোহ সত্যিই কখনও দেখেনি কেউ। আমার ক্ষুব্ধ স্বদেশ ভূমির এই জন জাগরণ, আখাঙ্খিত উত্তাপ, হৃদয়ে তুফান তুলে, দেশ, রাজ্য, জেলা, পাড়া, গলি সব সীমানা ছাড়িয়ে দিকে দিকে বিদ্রোহকে পাথেয় করে তুললো, এ যেনো পরম প্রাপ্তি।

এ বড় অস্থির সময়ের মধ্যে চলেছি আমরা। বিশ্বায়নের যুগে মানুষ উচ্চ শিক্ষিত হয়ে, নানা বিষয়ে দূরদর্শিতার ডানা মেলে ধরতে সক্ষম হয়েছে বটে তবুও, শিক্ষিত বিবেকের আজ বড় অভাব। যদিও শত সহস্র প্রাণ প্রদীপ, তাঁদের মেরুদন্ড ও শিরদাঁড়া বিকিয়ে না দিয়ে, আশার আলো দেখিয়ে, স্বপ্নচূড়ার থেকে নেমে, রাস্তায় হাঁটছেন। আপামর জনগণের হঠাৎ এই বিদ্রোহ দেখে, প্রাণে খুশির তুফান ওঠে, আবেগে কন্ঠরোধ হয়ে এসে বলতে ইচ্ছে হয়, এই চলার পথে চরণ যেনো না থামে। যদিও আমরা জানিনা, এই মহৎ পদক্ষেপ কি আদৌ প্রাণ পাবে, শতাব্দী লাঞ্চিত আর্তের কান্না থামিয়ে, নতুন করে কি দিনপঞ্জিকা লেখা সার্থক হবে? তবে আমরা আশাবাদী, হয়তো আগামীতে কুয়াশাঘন মেঘ সরিয়ে নতুন ভোরের নতুন আলোর সন্ধান আমরা ঠিক খুঁজে নেবো। আমাদের হৃদয়ে পুঞ্জীভূত ব্যথা ঝড়ের, ক্রোধের সদুত্তর আমরা ঠিক আদায় করে নেবো। আপাতত তাই শারদ উৎসবের আঙিনায় দাঁড়িয়ে বলতে চাই,

"প্রিয়, ফুল খেলবার দিন নয় অদ্য, ধ্বংসের মুখোমুখি আমরা। দুর্যোগে পথ হয় হোক দুর্বোধ্য, চিনে নেবে যৌবন-আত্মা।"

# বেঙ্গল অ্যাসোসিয়েশনের নিজস্ব সংবাদ

স্বাধীনতা দিবস উপলক্ষে বেঙ্গল অ্যাসোসিয়েশন-এর নিজস্ব তত্ত্বাবধানে সঞ্চালিত, দিল্লির মদনপুর খাদার স্থিত অঙ্কুর বিদ্যালয়ে, ছোটো ছোটো বাচ্ছাদের সাথে নিয়ে স্বাধীনতা দিবস পালিত করা হয়েছে। এই পুন্য লগ্নে স্বাধীন ভারতের পতাকা উত্তেলন করেন বেঙ্গল অ্যাসোসিয়েশনের প্রবীণ সদস্য শ্রী তরুণ কুমার মুখার্জী (গাট্টু দা)। পতাকা উত্তোলনের পর সম্মিলিত কণ্ঠে রাষ্ট্র গান গাওয়া হয়। উক্ত অনুষ্ঠানে, ছোটো ছোটো বাচ্ছাদের সাথে অংশগ্রহণ করেন সাধারণ সম্পাদক প্রদীপ গাঙ্গুলী, ডঃ তপন মুখার্জী, সুমন সেন, সুশোভন ব্যানার্জী, সুপর্ণা মুখার্জী এবং অঙ্কুর বিদ্যালয়ের শিক্ষিকাগণ। ফুলের মতো শিশু ছাত্ররা, তাদের মিষ্টি কণ্ঠে, বন্দেমাতরম, ভারত মাতা কি জয় এবং জয় হিন্দ স্লোগানে বিদ্যালয় পরিসর মুখরিত করে তুলেছিল। অনুষ্ঠান শেষে, বিদ্যালয়ের শিশুদের মিষ্টি, ফল ও স্ন্যাক্স বিতরণ করা হয়।



গত ১৬ই আগস্ট, বেঙ্গল অ্যাসোসিয়েশন এবং গান্ধর্বী সংস্থার যৌথ উদ্যোগে, মুক্তধারা প্রেক্ষাগৃহে, নৃত্যনাট্য 'গুলাবীজান' পরিবেশিত হয়েছে। গুণী নির্দেশক শুক্লা ব্যানার্জী, তাঁর নৃত্য, সঙ্গীত ও অভিনয়ে যথেষ্ট দক্ষতার পরিচয় দিয়েছেন। 'গুলাবীজান' কখনোই গুফতগু, রোশনাই আর আতরগন্ধী বিনোদন নয়; বরং ইতিহাসের সিপিয়াস্তুপে চাপা পড়ে যাওয়া কতিপয় বিড়ম্বিতা নারীর নিজেকে পুনঃপ্রতিষ্ঠিত করার অটল জেদের নকশী কাঁথা। সারেঙ্গী বাদনে ওস্তাদ কামাল আহমেদ খান এবং হারমোনিয়ামে সালামত হোসেনের সাথে প্রখ্যাত গজল গায়িকা অশীতিপর পামেলা সিং অনবদ্য সঙ্গীত পরিবেশন করেছিলেন। অন্যান্য চরিত্রে দুর্দান্তভাবে রূপদান করেছিলেন, মৌমিতা মিত্র, মঞ্জুলিকা সেন এবং সহশিল্পীরা। বর্ষার রিমঝিম বৃষ্টি ও দূরত্বের ভ্রূকুটি উপেক্ষা করে, অগণিত দর্শকের উপস্থিতি ছিলো আশাতীত। এছাড়াও, দর্শকাসনে, উজ্জ্বল উপস্থিতি ছিলো, প্রবাদ-প্রতিম লেখিকা তসলিমা নাসরিন এবং নৃত্যগুরু কিষেণ মহারাজ-জীর।


গত ২০শে আগস্ট, দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের বিশেষ উদ্যোগে, লেডি আরউইন স্কুলে, তাৎক্ষণিক বক্তৃতা ও গল্প বলা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। প্রায় আশিজন ছাত্রছাত্রী এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছিলেন। ছাত্রছাত্রীদের উৎসাহিত করতে কার্যকরী সমিতির পক্ষ থেকে সদস্যগণ উপস্থিত ছিলেন।

গত ৩১শে আগস্ট, শনিবার মুক্তধারা প্রেক্ষাগৃহে, দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের বিশেষ উদ্যোগে আন্তঃ বিদ্যালয়ের বার্ষিক অনুষ্ঠান এবং মেধাবী ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান ও বিভিন্ন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ খুবই সুন্দর ও সুষ্ঠভাবে আয়োজিত হয়েছে। সেদিনের অনুষ্ঠানের শুভ সূচনা হয়, প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে। এরপর শুরু হয় বিভিন্ন বিদ্যালয়ের সাংস্কৃতিক অনুষ্ঠান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডক্টর শীর্ষেন্দু মুখোপাধ্যায় এবং বেঙ্গল অ্যাসোসিয়েশনের সভাপতি, সাধারণ সম্পাদক, সহ সভাপতি, অতিরিক্ত সম্পাদক এবং কার্যকরী সমিতির অন্যান্য সদস্যগণ। উপস্থিত ছিলেন বিভিন্ন বিদ্যালয়ের প্রিন্সিপাল এবং শিক্ষক-শিক্ষিকাগণ। তাদের উৎসাহ ও শুভেচ্ছা প্রদান করেন।

সাধারণ সম্পাদক মহাশয়ের ধন্যবাদ জ্ঞাপনের সাথে অনুষ্ঠানের পরিসমাপ্তি ঘটে। সমগ্র অনুষ্ঠানটির দক্ষ সঞ্চালনায় ছিলেন, বিশিষ্ট বাচিক শিল্পী এবং সঞ্চালক জাহানারা রায়চৌধুরী।

গত ২রা সেপ্টেম্বর সকালে, দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে, লেডি আরউইন স্কুলের ষষ্ঠ শ্রেণীর ছাত্রছাত্রীদের জন্য “যৌবনারম্ভ /বয়ঃসন্ধি (Puberty) সময়ের অসুবিধা, স্বাস্থ্যবিধি (Sanitation) এবং স্বাস্থ্য ব্যবস্থা (Health System)” নিয়ে একটি বিশেষ কর্মশালার আয়োজন করা হয়েছিলো। এই বিশেষ কর্মশালায় নেতৃত্ব দিয়েছিলেন, ডাঃ প্রেরণা সিনহা।

গত ৩রা সেপ্টেম্বর, দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে, ইউনিয়ন একাডেমি স্কুলের নবম শ্রেণীর ছাত্রদের জন্য “পান মসলা, পান, সিগারেট ও অন্যান্য তামাক জাতীয় পদার্থে শরীরের ক্ষতি” শীর্ষক বিষয় নিয়ে একটি কর্মশালার আয়োজন করা হয়েছিল। উক্ত কর্মশালায়, বি.এল কাপুর-ম্যাক্স হাসপাতালের, অঙ্কোলজিস্ট ডাঃ রাজা ছাবড়া প্রধান অতিথি হিসাবে ছাত্রদের আলোচনার মাধ্যমে সমৃদ্ধ করে তোলেন।



# বিশেষ বিজ্ঞপ্তি

আবার সময় হয়েছে জন্মকথা উচ্চারণ করবার। অবনী লাহিড়ীর উদ্যোগে, বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে 'দিগন্ত' সাহিত্য পত্রিকাটি প্রকাশিত হয়। ১৯৭৯ সালে তৎকালীন সাধারণ সম্পাদক প্রয়াত অমরেশ গাঙ্গুলীর প্রচেষ্টায় এবং সেবাব্রত চৌধুরীর সম্পাদনায় 'দিগন্ত' নতুন অবয়বে 'দিগঙ্গন' নামে আত্মপ্রকাশ করে। আজও সেই ঐতিহ্যবাহী ধারা বজায় রেখে এই পত্রিকাটি নিয়মিত রূপে প্রকাশ হয়ে আসছে। 'দিগন্ত' ও 'দিগঙ্গন' দুইয়ের মেলবন্ধনে, বেঙ্গল অ্যাসোসিয়েশনের সাহিত্য পত্রিকা 'দিগঙ্গন' এবারে পঞ্চাশে পা রেখেছে। সুবর্ণজয়ন্তী'র এই পুণ্য লগ্নে বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে সকলকে অভিনন্দন জানাই। বহু মানুষের অক্লান্ত পরিশ্রম ও প্রচেষ্টায় এই দীর্ঘ যাত্রাপথ সুগম হয়েছে। সকল গুণমুগ্ধ পাঠক/পাঠিকার কাছে 'দিগন্ত' বা 'দিগঙ্গন' পত্রিকার কোনো পুরানো সংখ্যা থাকলে, আমাদের সঙ্গে যোগাযোগ করুন। প্রচ্ছদ ও সূচীপত্রের ছবি তুলে পাঠানোর অনুরোধ জানাই। যোগাযোগ - মোবাইল/ হোয়াটসঅ্যাপ ৯৯৭১৩৬৯৯০৯।

# শোক সংবাদ


গত ১৩ই আগস্ট, দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের প্রাক্তন কার্যকরী সদস্য তথা আজীবন সদস্য, তুষার কান্তি চৌধুরীর প্রয়াণে আমরা ব্যথিত। আমরা অ্যাসোসিয়েশনের কার্যকরী সমিতি এবং সমস্ত সদস্যদের তরফ থেকে ওনার বিদেহী আত্মার শান্তি কামনা করছি।

দিল্লির সুপরিচিত সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও নাট্যশিল্পী দক্ষিণারঞ্জন চ্যাটার্জীর প্রয়াণে দিল্লির সাংস্কৃতিক জগতে আবার শোক ছায়া নেমে এলো। দিল্লির নাট্যজগতের এই পূর্বসূরী, শৌভিক নাট্যদল, বঙ্গীয় সমাজ ও পরবর্তীকালে আকৃতি নাট্য গোষ্ঠীর প্রেসিডেন্ট হিসাবে ওতপ্রোতভাবে জড়িত ছিলেন। দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের কার্যকরী সমিতির তথা সমস্ত সদস্যদের তরফ থেকে ওনার বিদেহী আত্মার শান্তি কামনা করছি।

# আনন্দ সংবাদ

শুধু ভারত নয়, এশিয়ার প্রথম মহিলা সাঁতারু হিসেবে, পশ্চিমবঙ্গের পূর্ব বর্ধমান জেলার সায়নী দাস জয় করলেন পঞ্চম সিন্ধু। এর আগে তিনি কুক স্ট্রেইট, ক্যাটলিনা, ইংলিশ সহ মার্কিন মুলুকের বিখ্যাত মোলোকাই চ্যানেল জয় করে ইতিহাস রচনা করেছিলেন। সায়নী এবারে মোট ১৩ ঘন্টা ২২ মিনিট সাঁতার কেটে পঞ্চম চ্যানেল অর্থাৎ নর্থ চ্যানেল জয় করে রেকর্ড গড়লেন। এখন ওনার একটাই স্বপ্ন, আরও দুটি চ্যানেল জিব্রালটার এবং সুগারু সাঁতরে পেরিয়ে সপ্তসিন্ধু জয় করার। এই অসময়ে আলোর খবরে, দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের তরফ থেকে, সায়নী দাসকে অকুণ্ঠ শুভেচ্ছা জানাই।

কলকাতার অভিজয় প্রকাশনী ও সপ্তপর্ণ পত্রিকার পক্ষ থেকে, রাজধানী দিল্লির জনপ্রিয় নবীন কবি কৌশিক সেন, ওনার “পাখিঘুম” কাব্যগ্রন্থটির জন্য, ২০২৪ সালের “অভিজয় সাহিত্য সম্মান” এ নির্বাচিত হয়েছেন। আগামী ১৫-১৭সেপ্টেম্বর মাসে, বাংলা সাহিত্য ও লিটিল ম্যাগাজিনের নিজস্ব উৎসবে, উদ্যোক্তরা এই পুরস্কার ওনার হাতে তুলে দেবেন। এই আনন্দের খবরে, দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের তরফ থেকে, কবি কৌশিক সেনকে অকুণ্ঠ শুভেচ্ছা জানাই।



# বিশেষ সংবাদ

গত ৪ঠা আগস্ট, চিত্তরঞ্জন পার্কের নেতাজী সুভাষ হলে, দিল্লির জনপ্রিয় মহিলা সংস্থা সহচরীর উদ্যোগে 'আন্তর্জাতিক বন্ধুত্ব দিবস' উপলক্ষ্যে একটি মনোজ্ঞ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। সহচরী পরিবারের পক্ষ থেকে দিল্লি ও পার্শ্ববতী এলাকার মহিলা পরিচালিত ১৩টি সঙ্গীত সংস্থার কর্ণধারের হাতে 'অনন্যা' সম্মান তুলে দেওয়া হয়েছে। এই সঙ্গীত সংস্থাগুলি হলো যথাক্রমে, ঝর্ণাধারা, ভানুতীর্থ, সুরতীর্থ, রবিগীতিকা, সঞ্জাত, আনন্দধারা, সপ্তক, আনন্দধ্বনি, উজান, সাম্পান, গানের তরী, রাগিণী এবং বঙ্গীয় সমাজ কয়্যার। দুঃস্থ মহিলাদের স্বনির্ভর করে তুলতে বিশেষ উদ্যোগ নিয়েছে সহচরী গোষ্ঠী। এই স্বনির্ভর প্রকল্পে দুজন দুঃস্থ মহিলার হাতে দুটি পেডেস্টাল সেলাই মেশিন তুলে দিয়েছে সহচরী পরিবার। উক্ত অনুষ্ঠানে, প্রধান অতিথিরূপে উপস্থিত ছিলেন শ্রদ্ধেয় ডঃ অমিতাভ মুখার্জী, শ্রদ্ধেয় ডঃ আনন্দ মুখার্জী ও শ্রদ্ধেয় ডঃ রাজীব নাগ। 'বন্ধুত্ব' এই মূল বিষয়টি কেন্দ্র করে বিভিন্ন সঙ্গীত, নৃত্য কবিতা, শ্রুতি নাটক পরিবেশনার মাধ্যমে একটি আনন্দমুখর সন্ধ্যা উপহার দিতে সক্ষম হয়েছেন সহচরীরা।

গত ১৮ই আগস্ট 'বঙ্গ সংস্কৃতির আসর' বসেছিল মাতৃমন্দির লাইব্রেরী হলে। আগস্ট মাসে স্বাধীনতার মাস, আগস্ট মাস রবির অস্ত যাবার মাস। দেশমাতৃকার শৃঙ্খল মোচনে নিজের প্রাণ উপসর্গ করেন বহু মানুষ। গানে কবিতায় তাঁদের শ্রদ্ধা জানাতে এবং রবি স্মরণে প্রতিবারের মতো 'বাংলার বায়ু বাংলার জল' গানটি গেয়ে, বাংলা মাকে প্রণাম জানিয়ে আসর শুরু হয়। এমাসে জন্মগ্রহণ করেছিলেন যে সকল বাঙালী মণীষী তাঁদের নাম পড়ে শোনানোর পর, ওনাদের সম্পর্কে আলোচনা অনুষ্ঠিত হয়। আসরে উপস্থিত ব্যক্তিরা, যাঁদের এ মাসে জন্মদিন, তাঁদের একটি লাপ গোলাপ দিয়ে দীর্ঘ সুস্থ জীবন কামনা করা হয়। কলকাতার আর জি কর হাসপাতালে ঘটে যাওয়া নিন্দনীয় ঘটনার প্রতিবাদে তিনটি গান সমবেত কন্ঠে গাওয়া হয়। এছাড়াও ছিল স্বাধীনতার গান। সকলের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে আসর জমজমাট হয়ে ওঠে। এরপর 'মোদের গরব মোদের আশা' গানটি সমবেত কন্ঠে গেয়ে আসরের সমাপ্তি ঘোষণা করা হয়।

গত ২০শে আগস্ট, দিল্লি ব্রাহ্মসমাজের উদ্যোগে, ভাদ্রোৎসব উদযাপন করা হয়েছে। সুন্দর শান্ত এবং ভক্তিপূর্ণ পরিবেশে, রাজধানী দিল্লির দুই প্রতিষ্ঠিত সাঙ্গীতিক দল যথাক্রমে, সমর চক্রবর্তীর নেতৃত্বে উত্তরায়ণ এবং বর্ণিনী সেনের নেতৃত্বে আনন্দধারা, এই বিশেষ অনুষ্ঠানে ব্রহ্ম সঙ্গীত এবং ভক্তিমূলক গান পরিবেশন করেছিলেন।

গত ১লা সেপ্টেম্বর, চিত্তরঞ্জন পার্ক কালীমন্দির সোসাইটি এবং মেদান্তা মেডিসিটি, গুরুগ্রামের সহযোগিতায় একটি অত্যন্ত সফল মাল্টি স্পেশালিটি মেডিকেল ক্যাম্প "আরোগ্য" আয়োজন করেছিল। শতাধিক স্থানীয় বাসিন্দা অংশগ্রহণ করে, বিভিন্ন রোগের চিকিৎসায়, বিশেষজ্ঞের পরামর্শ গ্রহণ করে উপকৃত হয়েছেন। উপরন্তু বিনামূল্যে ডায়াগনস্টিক পরীক্ষা প্রদান যেমন হাড়ের ঘনত্ব স্ক্যান, ফুসফুসের কার্যকারিতা পরীক্ষা, ইসিজি এবং রক্ত পরীক্ষা প্রদান করা হয়েছিল। ম্যানিলায় এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের প্রাক্তন ম্যানেজিং ডিরেক্টর ডঃ রজত নাগের উপস্থিতিতে শিবিরটি অনুপ্রাণিত হয়েছিল, যিনি সম্মানিত অতিথি হিসাবে দায়িত্ব পালন করেছিলেন এবং অনুষ্ঠানে একটি স্বাতন্ত্র্যের ছোঁয়া যোগ করেছিলেন।



আগামী ২১শে সেপ্টেম্বর, শনিবার "নারায়ণী নমস্তুতে গ্লোবাল দুর্গা পূজা এক্সেলেন্স অ্যাওয়ার্ডস কমিটির সপ্তম মরশুম উপলক্ষ্যে, বঙ্গ সংস্কৃতি ভবনের মুক্তধারা মঞ্চে, বিশেষ সাংস্কৃতিক সন্ধ্যা "আগমনী অনুষ্ঠান মঞ্চস্থ হতে চলেছে। এই সংগঠনটি পূর্ববর্তী বছরের মতো, এই বছরও দুর্গাপূজার সময় বিভিন্ন শ্রেণীবিভাগের ভিত্তিতে, অর্থাৎ সেরা প্রতিমা, সেরা পরিবেশ বান্ধব পূজা, সেরা প্যান্ডেল, সেরা ব্যানার প্রদর্শন ইত্যাদি নানা ক্ষেত্রে দেশ বিদেশের সেরা দুর্গা পূজা কমিটিকে স্বীকৃতি দিয়ে, সৃজনশীলতা এবং উদ্ভাবনের প্রচেষ্টাকে লাইমলাইটে নিয়ে আসতে চলেছে। নারায়ণী নমস্তুতে গ্লোবাল দুর্গাপূজা এক্সেলেন্স অ্যাওয়ার্ডস তার প্রথা অনুযায়ী, এবারেও বিভিন্ন ক্ষেত্রে দেশের শ্রেষ্ঠ ব্যক্তিত্বদের বিশেষ নারায়ণী শক্তি পুরস্কার "প্রাইড অফ ভারত" সম্মানে ভূষিত করবেন। এবারের বিশেষ আকর্ষণ হিসাবে, কলকাতার অনিন্দ্য বোস এবং তাঁর দলবল, প্রিয় "শহর" কে সাথে করে, হাজির থাকবেন, দিল্লি নগরীতে। উদ্যোক্তাগণ আপনাদের সকলকে সাদর আমন্ত্রণ জানিয়ে অনুরোধ করেছেন, এলোমেলো এই শহরে নীরবে দূরে না থেকে, আপনাদের ছুঁতে চাওয়ার নিবিড় মুহূর্তগুলো প্রাণ পেয়ে বেড়ে উঠুক, আমাদের এই সযত্ন প্রয়াসে। এই বিশেষ দিনে, আপনাদের সকলের আনন্দঘন অংশগ্রহণে, উদ্যোক্তাদের এই মহৎ প্রচেষ্টা সার্থক হয়ে উঠুক।

## রাজধানী এবং সন্নিহিত অঞ্চলের সাংস্কৃতিক সংবাদ

গত ২৪-২৫শে আগস্ট, মুক্তধারা প্রেক্ষাগৃহে, "আমরা কজন" নাট্যগোষ্ঠীর বিশেষ আয়োজনে "উত্তর-পশ্চিম বাংলা নাট্য মিলন ২০২৪" দুর্দান্ত সাফল্যের সাথে পালিত হলো। দুদিন ব্যাপী এই অনুষ্ঠানের অন্যতম সহায়ক ছিলেন, মুম্বাইয়ের রূপাঙ্গন ফাউন্ডেশন। এই নাট্যমেলায়, আমার ক'জন ড্রামা সোসাইটির নতুন প্রযোজনা হিসাবে মঞ্চস্থ হলো, কোরক। নাটকটির চিত্রনাট্যকার হলেন নন্দিতা নাথ এবং নির্দেশনায় ছিলেন কবীর সেন। এছাড়া শিবাজী সেনগুপ্তর নির্দেশনায়, আরও দুটি নাটক যথাক্রমে, বিজয় ভট্টাচার্য্যের "আমার মেয়েবেলা" এবং ধনঞ্জয় ঘোষালের "হে তৃতীয় পাণ্ডব" মঞ্চস্থ হয়েছিল। বহুদিন পর, দিল্লির অসংখ্য নাট্যপ্রেমী



BENGAL ASSOCIATION WORLD MUSIC CONCERT 2024

বেঙ্গল অ্যাসোসিয়েশন
ওয়ার্ল্ড মিউজিক কনসার্ট ২০২৪
১৫ - ১৬ নভেম্বর ২০২৪
অনুষ্ঠানসূচী এবং বিবরণীর জন্য
চোখ রাখুন - আগামী সংখ্যায়।

চিত্তরঞ্জন পার্ক
কালী মন্দির প্রাঙ্গণে

মানুষ, এই দুইদিন ব্যাপী নাট্যমেলার বিশেষ আয়োজনে, উদ্যোক্তাদের ভূয়সী প্রশংসা করেছেন।

গত ৩১শে আগস্ট দেশবন্ধু চিত্তরঞ্জন মেমোরিয়াল সোসাইটির সৌজন্যে, দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের মৃত্যু শতবর্ষপূর্তি উপলক্ষ্যে, ওনার জীবনী অবলম্বনে, দিল্লির প্রখ্যাত নবপল্লী নাট্য সংস্থা, একটি শ্রুতিনাটক "দশের বন্ধু চিত্তরঞ্জন" মঞ্চস্থ করে বিশেষ শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন। নাটকটির নির্দেশনায় ছিলেন, বিশিষ্ট নাট্যকার বিশ্বজিৎ সিংহ।

গত ৩১শে আগস্ট  শনিবার চিত্তরঞ্জন পার্ক, পূর্বশ্রী মহিলা সমিতির আমন্ত্রণে, একটি সঙ্গীত সন্ধ্যায়, রাজধানী শহরের নব্য গঠিত বাংলা ব্যান্ডের দল, 'সৌর ও বন্ধুরা', কালজয়ী বাংলা আধুনিক গান, রবীন্দ্রসঙ্গীত, লোকগীতি এবং বাংলা ব্যাণ্ডের জনপ্রিয় গানের ডালি সাজিয়ে, পরিবেশন করে, উপস্থিত দর্শক শ্রোতাদের মোহিত করে তোলেন।

গত ১লা সেপ্টেম্বর, চিত্তরঞ্জন পার্কের চিত্তরঞ্জন ভবনে, একটি সান্ধ্যকালীন অনুষ্ঠানে, "ঠিক কতদূর আমার দেশ" শীর্ষক একটি ভিন্ন ধর্মী মনোজ্ঞ সঙ্গীত সন্ধ্যায়, সঙ্গীত পরিবেশন করেন, রাজধানী দিল্লির নব্য গঠিত দল "ত্রয়ী"। সেদিনের অনুষ্ঠানে, বাংলাদেশের স্বাধীনতা থেকে শুরু করে, রবিঠাকুর, কাজী নজরুল ইসলামের রচিত গান, প্রখ্যাত সুরকার সলিল চৌধুরী রচিত গান থেকে শুরু করে, আধুনিক দিনের জয় সরকারের এবং একটি বিদেশী দেশ ভক্তির উপাখ্যান সম্বলিত কিছু বাছাই গানের সঙ্কলন উপস্থাপন করা হয়েছিল। ত্রয়ীর এই উপস্থাপনা, আগত দর্শক শ্রোতা বৃন্দদের, এক মুগ্ধতার আবেশে বেঁধে ফেলে। প্রসঙ্গত উল্লেখ্য, দিল্লি শহরের তিন অত্যধিক জনপ্রিয়, আপাদমস্তক সাংস্কৃতিক মনোভাবাপন্ন মহিলা সঙ্গীত শিল্পী, যথাক্রমে জাহানারা রায়চৌধুরী, অনিন্দিতা ভট্টাচার্য্য এবং চন্দ্রানী দত্ত, সঙ্গীতের প্রতি তাঁদের দায়বদ্ধতা থেকে নতুন কিছু করার লক্ষ্যে, নিজেদের আনন্দে, খুশিতে এই "ত্রয়ী" নামক সঙ্গীতের দল গঠন করেছেন।


PDF SHORTS2.0
THE FESTIVAL WILL BE GRACED BY THE PRESENCE OF...
• Chandril Bhattacharya
• Solanki Roy
• Debleena Dutta
• Sujan Neel Mukherjee
• Pradipta Bhattacharya
• Reshmi Mitra
• Ankit Bagchi
• Debal Kumar Ghosh
বাঙালিয়ানা UNCUT
PDF SHORTS2.0
PURBO DIGANTA FOUNDATION
PRESENTS
THE SECOND EDITION OF
SHORT FILM FESTIVAL
ON 8th SEPTEMBER 2024
11.00 am ONWARDS
@ BIPIN CHANDRA PAL AUDITORIUM
CHITTARANJAN PARK
Please be there
in your bengali attire
Entry Cards Aailable @
• C R Park :
Suhan Basu # 9871153033
Rythme School of Music # 9818802498
Ayan Banerjee #9667273647
Subhashish Ghosh (Kalkaji) # 8447856621
• Ghaziabad:
Pushpol Banerjee # 9711986085
Joy Chatterjee # 9891235360
• Noida :
Tapan Kr Bhattacharya # 9423037787
Arindam Mukherjee # 9811112050
• East Delhi :
Devashish Gupta # 9810602542
Santanu Bose # 9811036860

গত ১লা সেপ্টেম্বর, রবিবার সন্ধ্যায়, বঙ্গ সংস্কৃতি ভবনের মুক্তধারা প্রেক্ষাগৃহে, সৃজনী সোশিও কালচারাল অ্যাসোসিয়েশন প্রযোজিত এবং শ্রী অভিজিৎ ব্যানার্জীর নির্দেশনায় নাটক, 'গান্ধী বনাম গান্ধী' মঞ্চস্থ হয়েছে। হলভর্তি দর্শকের উপস্থিতিতে, এই নাটকের সফল মঞ্চায়ন যথেষ্ট প্রশংসার দাবি রাখে।

গত ১লা সেপ্টেম্বর, রবিবার চিত্তরঞ্জন পার্কের পূর্বশ্রী মহিলা সমিতির বিশেষ উদ্যোগে, পূজার হাট ২.০ শীর্ষক একটি অনবদ্য সাংস্কৃতিক সন্ধ্যায় আয়োজন করা হয়েছিল। স্থানীয় নৃত্যশিল্পী, বিশিষ্ট সঙ্গীতের দলগুলি যথাক্রমে সপ্তক, শ্রীমতী হীরা ও গ্রুপ এবং রাগিনী গ্রুপ, সম্মিলিত প্রচেষ্টায়, নানাবিধ সাংস্কৃতিক পারদর্শিতা পরিবেশনের মাধ্যমে, উপস্থিত সকল দর্শক শ্রোতাদের আনন্দ দান করেন।

## রাজধানী দিল্লির অন্যান্য আগামী সাংস্কৃতিক সংবাদ


আগামী ৭ই সেপ্টেম্বর, সন্ধ্যায় মান্ডি হাউস সংলগ্ন শ্রীরাম সেন্টারে, দিল্লির অন্যতম সাঙ্গীতিক গোষ্ঠী সঞ্জাত, একটি মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যায়, "অরাবীন্দ্রিক রবীন্দ্রনাথ" শিরোনামে "আজকে এলে নতুন বেশে" নিবেদন করবেন। আগ্রহী দর্শক শ্রোতাদের, অবাধ প্রবেশের মাধ্যমে, সপরিবারে, সবান্ধবে আমন্ত্রণ জানিয়েছেন সঞ্জাত পরিবার।

আগামী ৭-৮ই সেপ্টেম্বর, রাজধানী দিল্লির বুকে, বাঙালির প্রবাসী জীবনে, লোকসংস্কৃতিকে বাঁচিয়ে রাখতে দক্ষিণ দিল্লি কালীবাড়ি, পার্পেল টাচ ক্রিয়েটিভ ও ইচ্ছে বিতানের সমবেত সাংস্কৃতিক আয়োজন, দুইদিন ব্যাপী লোকসংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হতে চলেছে, দক্ষিণ দিল্লির কালীবাড়ি প্রাঙ্গণে। উৎসাহী দর্শক শ্রোতাবৃন্দদের সাদর আমন্ত্রণ জানিয়েছেন উদ্যোক্তারা।

আগামী ৮ই সেপ্টেম্বর, মুক্তধারা প্রেক্ষাগৃহে, সন্ধ্যা সাড়ে ছ'টায় রাজধানী শহরের অন্যতম নাট্যদল, আকৃতি ড্রামা সোসাইটির ২২তম বছর পূর্তি উপলক্ষ্যে, দুটি একাঙ্ক নাটক মঞ্চস্থ করা হবে। প্রথম নাটক "কালশুদ্ধি"


NARAYANI NAMASTUTE
GLOBAL DURGA PUJA EXCELLENCE AWARDS 2024
NARAYANI NAMASTUTE
Presents
আগমনী
21stSept'24|| Saturday
MUKTODHARA AUDITORIUM, 18-19, Bhai Veer Singh Marg,
Sector 2, Gole Market, New Delhi-110001
SEASON
7
SHAKTI AWARDS (PRIDE OF BHARAT)'24
Maj. Gen. Dr. G.D. Bakshi, SM & VSM
(NATIONAL DEFENCE)
Shri Amitava Mukherjee
(SOCIO-CULTURAL ACTIVIST)
Padma Shree Rita Ganguly
(INDIAN CLASSICAL MUSIC)
Shri Joy Chatterjee
(CORPORATE LEADERSHIP)
Dr. Jyoti Gupta
(EXCELLENCE IN EDUCATION)
Smt. Sharmishtha Dasgupta
(INNOVATION & TECHNOLOGY)
Shri Torit Mitra
(PERFORMING ARTS)
ENDURE AIR
(START-UP INITIATIVE)


মহানায়ক
উত্তমকুমার
শ্রদ্ধাঞ্জলি


শৈলেন
মান্না ১০০
শ্রদ্ধাঞ্জলি
জন্মশতবর্ষে ফুটবল কিংবদন্তি
শৈলেন মান্না

যার নির্দেশনায় আছেন, অরুণাভ সেনগুপ্ত এবং চিত্রনাট্য লিখেছেন সুদীপ্ত ভৌমিক। দ্বিতীয় নাটকটি হেনরিক ইবসেনের নাটক থেকে অনুপ্রাণিত হয়ে চিত্রনাট্য লিখেছেন শঙ্কর বসু ঠাকুর এবং নির্দেশনা করেছেন সৌভিক সেনগুপ্ত। জনসংযোগ এবং প্রোডাকশন কন্ট্রোলে রয়েছেন ভক্তি দাশ। বিশেষভাবে উল্লেখ্য, শুধুমাত্র আমন্ত্রণমূলক পাসের মাধ্যমেই এই দুটি নাটক দেখা যাবে। আগ্রহী দর্শকেরা উদ্যোক্তাদের সাথে যোগাযোগ করতে পারেন।

আগামী ৮ই সেপ্টেম্বর, চিত্তরঞ্জন পার্কের বিপিন পাল অডিটোরিয়ামে, রাজধানী দিল্লির অন্যতম জনপ্রিয় স্বেচ্ছাসেবী সংগঠন, পূর্ব দিগন্ত ফাউন্ডেশন-এর বিশেষ উদ্যোগে, "বাঙালিয়ানা Uncut" শীর্ষক একটি স্বল্প দৈর্ঘ্যের চলচ্চিত্র উৎসবের আয়োজন করা হয়েছে। এর চলচ্চিত্র উৎসবের দ্বিতীয় মরশুমে, বিশেষ বাছাই পর্বের মাধ্যমে, দশটি ভিন্ন স্বাদের উল্লেখযোগ্য শর্ট ফিল্ম দেখানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। উক্তদিনে উৎসাহী দর্শকদের মাঝে, তারকা খচিত সমাবেশে, প্রেক্ষাগৃহ আলোকিত করে উপস্থিত থাকবেন, বাংলা চলচ্চিত্র জগতের জনপ্রিয় অভিনেতা অভিনেত্রী যথাক্রমে, নীল সৃজন মুখার্জী, সোলাঙ্কি রায়, দেবলীনা দত্ত এবং এক ঝাঁক গুণী পরিচালক। এবছরের উৎসবে বিশেষ আকর্ষণ হিসাবে, বাংলা ও বাঙালির ঐতিহ্যবাহী সংস্কৃতির নানা গল্পে ও আড্ডায়, আগ্রহী দর্শকদের মাতিয়ে তুলতে উপস্থিত থাকবেন, প্রসিদ্ধ বাক্যবাগীশ চন্দ্রিল ভট্টাচার্য্য। প্রত্যেকটি চলচ্চিত্র প্রদর্শনের পর, বাংলা সিনেমার খুঁটিনাটি, তার ভবিষ্যৎ এবং ছবিকে কেন্দ্র করে, নানা অন্তর্দৃষ্টিপূর্ণ মুখোমুখি আলোচনা পর্বে, আমন্ত্রিত অতিথি নক্ষত্রদের সাথে সিনেমা সম্পর্কিত গুরুত্বপূর্ণ আলোচনায় মঞ্চ ভাগ করে নেবেন, রাজধানী শহরের গুণী ব্যক্তিত্বগণ। সাথে থাকছে বাংলার গল্প, বাঙালির গল্প, সাজগোজ, আড্ডা আর খাওয়া-দাওয়া।

আগামী ১৪ই সেপ্টেম্বর, ইম্প্রেসারিও ইন্ডিয়ার বিশেষ উদ্যোগে, লোধি রোড সংলগ্ন ইন্ডিয়া ইন্টারন্যাশনাল সেন্টারের সিডি দেশমুখ অডিটোরিয়ামে, "আমাদের এই বসুন্ধরা" শীর্ষক একটি সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করেছে। দ্বিজেন্দ্রলাল রায়, অতুলপ্রসাদ সেন এবং রজনীকান্ত সেন, এই


অঙ্কুর
ankur
মদনপুর খাদার অঞ্চলে প্রান্তিক শিশুদের জন্য
বেঙ্গল অ্যাসোসিয়েশনের স্কুল 'অঙ্কুর'।
স্কুলটির জন্য সাহায্য করতে এগিয়ে আসুন।
নিচে QR Code স্ক্যান করে মুক্তহস্তে দান করুন।
A GENEROUS STEP TOWARDS THE GROWTH OF EDUCATION,
PLEASE JOIN HANDS WITH US AND DONATE FOR
'ANKUR' OUR PRIMARY SCHOOL AT MADANPUR KHADAR
FOR THE UNDERPRIVILEGED. OUR SUPPORT TODAY, CAN GIVE
THEM WINGS TO REACH THE SKY TOMMORROW!
paytm
Accepted Here
PLEASE SCAN THE QR CODE IF YOU WISH
TO CONTRIBUTE FOR THIS NOBLE CAUSE.
IN ORDER TO OBTAIN A RECEIPT
PLEASE SHOW THE SCREEN SHOT
OF THE TRANSACTION AT
BENBAL ASSOCIATION MUKTADHARA OFFICE.
FOR FURTHER INFORMATION
CONTACT: 73834 54989

তিন কবির গান নিয়ে, সঙ্গীত পরিবেশনে উপস্থিত থাকবেন, কলকাতার বিশিষ্ট সঙ্গীতশিল্পী, নুপুরছন্দা ঘোষ। আগে এলে আগে বসতে পারবেন এই ভিত্তিতে আগ্রহী শ্রোতারা, এই অনুষ্ঠানে আনন্দ উপভোগ করতে পারেন।

আগামী ১৪-১৫ সেপ্টেম্বর, রাজধানী দিল্লির অন্যতম সঙ্গীতের দল, স্বরছন্দ গোষ্ঠীর অষ্টম বার্ষিকী উপলক্ষ্যে, চিত্তরঞ্জন পার্কের বিপিনচন্দ্র পাল অডিটোরিয়ামে, বিকাল সাড়ে পাঁচটা থেকে, দুদিন ব্যাপী মনোরম সঙ্গীত সন্ধ্যার আয়োজন করা হয়েছে। স্বরছন্দ গোষ্ঠীর এই উদ্যোগে, বিশেষ সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন, হাজারীবাগের প্রভাস কল্যাণী প্রীতি ট্রাস্ট, ডঃ অমিতাভ মুখার্জী, PuSuEv সংস্থা এবং নীলাদ্রি দেব চৌধুরী। সমগ্র অনুষ্ঠানটি সবার জন্য উন্মুক্ত।

আগামী ২১শে সেপ্টেম্বর, সন্ধ্যা ছ'টায় চিত্তরঞ্জন পার্কের বিপিন পাল অডিটোরিয়ামে, নবপল্লী নাট্য সংস্থা প্রযোজিত, তসলিমা নাসরিনের বিতর্কিত উপন্যাস অবলম্বনে বহু প্রতীক্ষিত নাটক, "লজ্জা" পুনঃ মঞ্চস্থ হতে চলেছে। "লজ্জা" বইটি বহু ভাষায় অনূদিত হলেও, এর কোনো নাট্য রূপান্তর বা চলচ্চিত্র আগে কোথাও হয়নি। এই দুঃসাহসী কাজটি করেছেন, দিল্লির বিশিষ্ট নাট্য নির্দেশক, শ্রী বিশ্বজিৎ সিনহা। চিত্রনাট্য লিখেছেন, সোমা সিনহা এবং বিশ্বজিৎ সিনহা। রাজধানী দিল্লি শহরের বহু বিদগ্ধ এবং সুপরিচিত কলা কুশলীগণ এই নাটকে অভিনয় করেছেন।

আগামী ১৩ই অক্টোবর, হাজারীবাগের প্রভাস কল্যাণী প্রীতি ট্রাস্টের সহযোগিতায়, রাজধানী দিল্লির লে রিদম ফোরাম ফর কালচার অ্যান্ড এডুকেশন সংস্থা, দিল্লির ইন্ডিয়া ইন্টারন্যাশনাল সেন্টারের সিডি দেশমুখ অডিটোরিয়ামে, বিজয়া সম্মিলনী উদ্‌যাপনের জন্য একটি সুরময় সন্ধ্যার আয়োজন করেছেন। উক্ত অনুষ্ঠানে, দিল্লিবাসীকে গান শোনাতে উপস্থিত থাকবেন, কলকাতার প্রখ্যাত সংগীতশিল্পী লোপামুদ্রা মিত্র। এই অনুষ্ঠান কঠোরভাবে আমন্ত্রণমূলক। আগামী ১৫ই সেপ্টেম্বরের পর থেকে লে রিদম স্কুল অফ মিউজিকের দপ্তরে, আমন্ত্রণ পত্র সংগ্রহ করার জন্য যোগাযোগ করতে অনুরোধ জানিয়েছেন উদ্যোক্তারা।


আপনি কি বেঙ্গল অ্যাসোসিয়েশনের
সদস্য হতে চান?
অথবা সদস্যতা নেবার পর
ঠিকানা বা ফোন নং পরিবর্তিত হয়েছে?
যোগাযোগ করুন
বেঙ্গল অ্যাসোসিয়েশনের অফিসে
ফোন নংঃ
+91 7303400554
ইমেলঃ
bengalassociation1819@gmail.com
www.bengalassociation.com

আগামী ২৫শে অক্টোবর, লোধি রোড সংলগ্ন ইন্ডিয়া ইসলামিক কালচারাল সেন্টার অডিটোরিয়ামে, সন্ধ্যা ৭ ঘটিকায় দিল্লির জনপ্রিয় নাট্যগোষ্ঠী যাপনচিত্রের পরবর্তী প্রযোজনা “আনতারা” পূর্ণাঙ্গ নাটকটি মঞ্চস্থ হবে। নাটকটির নির্দেশনায় আছেন সুহান বসু। প্রবেশ পত্রের জন্য উদ্যোক্তাদের যোগাযোগ করতে অনুরোধ জানাই।

# একটি বিশেষ আবেদন

দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশন, রাজধানী দিল্লি এবং সন্নিহিত অঞ্চলের বাঙালিদের কাছে বিভিন্ন অনুষ্ঠানের খবরাখবর ‘অ্যাসোসিয়েশন সংবাদ’ নামক একটা মাসিক ক্ষুদ্র পত্রিকার মাধ্যমে আপনাদের কাছে তুলে ধরার চেষ্টা করে। যদি আপনারা নিজ এলাকার সাংস্কৃতিক সংবাদ, প্রত্যেক মাসের ২৫ তারিখের মধ্যে, আমাদের কাছে সযত্নে পাঠিয়ে সহযোগিতার হাত বাড়িয়ে দেন, তাহলে আমরা যথাসম্ভব সেই সমস্ত সংবাদ প্রকাশ করে সবার কাছে পৌঁছে দিতে সচেষ্ট হবো। আপনারা কোনো সাংস্কৃতিক সংবাদ, বাংলা, হিন্দি এবং ইংরেজি এই তিনটির যেকোনো ভাষায় আমাদের কাছে ই-মেল করে (associationsangbad@ gmail.com) অথবা আমাকে ব্যক্তিগত হোয়াটস্যাপ (রাজা চট্টোপাধ্যায় - 9810484734) মাধ্যমেও পাঠাতে পারেন।





দিগঙ্গন
৫০
সুবর্ণ জয়ন্তী
'দিগন্ত' ও 'দিগঙ্গন' মিলিয়ে
বেঙ্গল অ্যাসোসিয়েশনের সাহিত্য পত্রিকা
এবারে পঞ্চাশে পা রেখেছে।
সুবর্ণজয়ন্তীর অভিনন্দন সকলকে।
আপনাদের কাছে 'দিগন্ত' বা 'দিগঙ্গন'-এর
কোনো পুরনো সংখ্যা থাকলে
আমাদের সঙ্গে যোগাযোগ করুন।
প্রচ্ছদ ও সূচীপত্রের ছবি তুলে পাঠান।
মোবাইল/হোয়াটসঅ্যাপ 9971389909





**Editor and Publisher Shri Prodip Ganguly**
**Published on behalf of Bengal Association, New Delhi.**
**Designed & Composed by Roma Chakraborty, C.R. Park, 9213134487**